সমকাল

তারিখ 06 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# ২৫ সেপ্টেম্বর থেকে মেডিকেল ভর্তি কোচিং বন্ধ

■ সমকাল প্রতিবেদক

চলতি শিক্ষাবর্ষের এমবিবিএস ও ডেন্টাল পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৫ সেপ্টেম্বর থেকে দেশের সব মেডিকেল ভর্তি কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। এ ছাড়া ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে প্রশ্নপত্র ফাঁসসহ কোনো ধরনের গুজব বা ভুয়া তথ্য ফেসবুক অথবা ইন্টারনেটে প্রচার করলে তার বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। আগামী ৭ অক্টোবর এমবিবিএস এবং ৪ নভেম্বর ডেন্টালের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল সোমবার সচিবালয়ে বেসরকারি মেডিকেল কলেজ নীতিমালা সংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এতে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সভাপতিত্ব করেন।